BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 04:54 PM

সারাদেশ

সাত বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে বৃদ্ধ গ্রেপ্তার

প্রতিবেদক: রাজবাড়ী প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৩৯ AM



রাজবাড়ীর গোয়ালন্দে সাত বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে হবি সরদারকে (৫৫) গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি উপজেলার দৌলতদিয়া ইউনিয়নের ওমেদ আলী সরদারপাড়া গ্রামের মৃত ওমেদ আলী সরদারের ছেলে।

বুধবার (২৩ সেপ্টেম্বর) গোয়ালন্দ থানার অফিসার ইনচার্জ (ওসি) শফিকুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন। এর আগে শিশুটির বাবা বাদী হয়ে থানায় মামলা দায়ের করেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ধর্ষণের ঘটনাটি ঘটে দুদিন আগে। অভিযুক্ত হবি সরদার বাড়ি ফাঁকা পেয়ে ওই শিশুটিকে তার ঘরে ডেকে নিয়ে ধর্ষণ করেন। তখন বিষয়টি স্থানীয়ভাবে ধামাচাপা দেওয়ার চেষ্টা চলে।

পরে আজ বুধবার সকালে স্থানীয়রা বসে সালিসের মাধ্যমে বিষয়টি সমাধানের চেষ্টা করেন। কিন্তু খবরটি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দ্রুত ছড়িয়ে পড়ে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ভুক্তভোগী শিশুটিকে উদ্ধার ও অভিযুক্ত হবিকে গ্রেপ্তার করে।

গোয়ালন্দ ঘাট থানার ওসি শফিকুল ইসলাম বলেন, শিশু ধর্ষণের অভিযোগে বুধবার থানায় একটি ধর্ষণ মামলা রুজু হয়েছে। একমাত্র আসামি হবি সরদারকে গ্রেপ্তার করে রাজবাড়ীর আদালতে পাঠানো হয়েছে। এ ছাড়া ভুক্তভোগী ওই শিশুটির স্বাস্থ্য পরীক্ষার জন্য তাকে রাজবাড়ী সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক

যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ

সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নূরুল ইসলাম নূরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/sat-bchhrer-shishuke-dhrshner-obhijoge-briddh-greptar